ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৩৮
বিলোনীয়া, ৩০ জুলাই, ২০২৫

**বিলোনীয়ায় ১০ জন মৎস্যচাষিকে সহায়তা**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে দপ্তরের বার্ষিক কর্মপরিকল্পনার অঙ্গ হিসেবে আজ বিলোনীয়া মহকুমার মোট দশজন মৎস্যচাষিকে ১ হাজার করে মাগুর মাছের পোনা ও ৮০০ করে রুই, কাতল ও মৃগেল মাছের মিশ্র পোনা দেওয়া হয়। সাথে দেওয়া হয় চুন ও মাছের খাবার। তাতে মাথা পিছু ব্যয় হয়েছে ১১ হাজার ৯০০ টাকা। দশজনের মধ্যে রাজনগর ব্লকে তিনজন, ভারতচন্দ্রনগর ব্লকে ২ জন, ঋষ্যমুখ ব্লকে চারজন এবং বিলোনীয়া পুর এলাকার ১ জন মৎস্যচাষি রয়েছেন। বিলোনীয়াস্থিত মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

******